

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
একটি বাড়ি একটি খামার প্রকল্প  
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.১৯.০০৬.১৯.৪৯

তারিখ: ৮ ফাল্গুন ১৪২৫

২০ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: একটি বাড়ি একটি খামার প্রকল্পের আয়ন ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পুনঃনির্ধারণ।

সূত্র: এবাএখা/রুমা/২০১৯/৩১৬, তারিখঃ ৩১.০১.২০১৯ খ্রি.

একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং উপজেলা সমন্বয়কারী যৌথভাবে আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করছেন। উপজেলা নির্বাহী অফিসার, রুমা বান্দরবান-এর সূত্রস্থ পত্র মারফত জানা যায় যে, উক্ত উপজেলায় পূর্ণকালীন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা না থাকায় প্রকল্পের দাপ্তরিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

২। এমতাবস্থায়, পূর্ণকালীন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা পদায়ন না হওয়া পর্যন্ত রুমা উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমন্বয়কারী যৌথভাবে প্রকল্পের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত আদেশ অবিলম্বে কার্যকর হবে।



২০-২-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-  
rdcd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার উপজেলা নির্বাহী অফিসারের  
কার্যালয়, রুমা, বান্দরবান।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.১৯.০০৬.১৯.৪৯/১(১০)

তারিখ: ৮ ফাল্গুন ১৪২৫

২০ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ৫ কাওরান বাজার, ঢাকা।
- ৩) জেলা প্রশাসক, বান্দরবান।
- ৪) উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, বান্দরবান।
- ৫) প্রোগ্রামার, একটি বাড়ি একটি খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬) জেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, বান্দরবান।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রুমা, বান্দরবান।
- ৮) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রুমা, বান্দরবান।
- ৯) উপজেলা সমন্বয়কারী, রুমা, বান্দরবান।
- ১০) অফিস নথি/সংশ্লিষ্ট নথি।



২০-২-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)